"শিক্ষা নিয়ে গড়ব দেশ, শেখ হাসিনার বাংলাদেশ"

# বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

## Bangladesh Open University

বোর্ড বাজার, গাজীপুর-১৭০৫। ফোন : ৯২৯১১১২

"বাউবির দীক্ষা: সবার জন্য উন্মুক্ত কর্মমুখী, গণমুখী ও জীবনব্যাপী শিক্ষা"

স্মারক নং-বাউবি/অর্থ ও হিসাব/স্যাঃ-২১৭৩/ইনোভেশন (এপিএ)/২০২২/৮৮৯৫

তারিখ: ০১ চৈত্র, ১৪২৯ বঙ্গাব্দ
১৫ মার্চ, ২০২৩ খ্রিষ্টাব্দ

### ১৯তম সভার নোটিশ

২০২২-২০২৩ অর্থবছরে বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের ইনোভেশন টিমের **১৯তম সভা** আগামী ২০.০৩.২০২৩ তারিখ, সোমবার, দুপুর ১২:০০ টায় ট্রেজারার মহোদয়ের গাজীপুরস্থ অফিস কক্ষে প্রফেসর মোস্তফা আজাদ কামাল, মাননীয় ট্রেজারার ও ডিন, এসওবি এবং সভাপতি ইনোভেশন টিম, বাউবি এর সভাপতিত্বে অনুষ্ঠিত হবে।

**সভার আলোচ্যসমূহ ঃ**

১. ০৪.০১.২০২৩ তারিখে অনুষ্ঠিত ইনোভেশন টিমের ১৮তম সভার কার্যবিবরণী অনুসমর্থন।
২. "৪র্থ শিল্পবিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয়" বিষয়ক ২য় কর্মশালায় অংশগ্রহণকারীদের মনোয়ন প্রসঙ্গে আলোচনা।
৩. উপ-কমিটি কর্তৃক তৈরিকৃত ট্রেনিং সিডিউল নিয়ে আলোচনা।
৪. ই-ফাইলে নোট নিষ্পত্তিকরণ সংক্রান্ত আলোচনা।
৫. বিবিধ।

উক্ত সভায় টিমের সকল সম্মানিত সদস্যকে নির্ধারিত সময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা যাচ্ছে।

নির্দেশক্রমে,

নার্গিস আখতার
যুগ্ম-পরিচালক, অর্থ ও হিসাব বিভাগ
ও
সদস্য-সচিব, ইনোভেশন টিম,বাউবি।

**বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) ঃ**

১. ড. মহাঃ শফিকুল আলম, রেজিস্ট্রার, বাউবি।
২. প্রফেসর ডা. সরকার মোঃ নোমান, অধ্যাপক ও ডিন, এসএসটি, বাউবি।
৩. প্রফেসর ড. মোঃ শাহ আলম সরকার, অধ্যাপক, সার্ড, বাউবি।
৪. জনাব মোঃ মাসুম বিল্লাহ, পরিচালক (দায়িত্বপ্রাপ্ত), কম্পিউটার বিভাগ, বাউবি।
৫. সঙ্গীতা মোরশেদ, পরিচালক (ভারপ্রাপ্ত), লাইব্রেরি এন্ড ডকুমেন্টেশন বিভাগ, বাউবি।
৬. ড. আ.ফ.ম. মেজবাহ উদ্দিন, পরিচালক (ভারপ্রাপ্ত), তথ্য ও গণসংযোগ বিভাগ, বাউবি।
৭. নাজনীন আখতার, যুগ্ম পরিচালক (কাউন্সিল), প্রশাসন বিভাগ, বাউবি।
৮. আরিফুল ইসলাম, সহকারী অধ্যাপক, স্কুল অব বিজনেস, বাউবি।

**অনুলিপি (সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো) ঃ**

১. একান্ত সচিব, উপাচার্যের দপ্তর, বাউবি। উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য।
২. একান্ত সচিব, ট্রেজারার দপ্তর, বাউবি। ট্রেজারার মহোদয়ের সদয় অবগতির জন্য।
৩. সহকারী পরিচালক, রেজিস্ট্রার দপ্তর, বাউবি। রেজিস্ট্রার মহোদয়ের সদয় অবগতির জন্য।
৪. সংশ্লিষ্ট নথি।

"শিক্ষা নিয়ে গড়ব দেশ, শেখ হাসিনার বাংলাদেশ"

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

Bangladesh Open University

গাজীপুর-১৭০৫। ফোন: ৯২৯১১১২

"বাউবির দীক্ষা: সবার জন্য উন্মুক্ত কর্মমুখী, গণমুখী ও জীবনব্যাপী শিক্ষা"

মুজিব শতবর্ষ MUJIB 100

# ইনোভেশন টিমের ১৯তম সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | প্রফেসর মোস্তফা আজাদ কামাল<br>মাননীয় ট্রেজারার ও ডিন, এস ও বি, বাউবি। |
| সভার তারিখ | ঃ | ২০ মার্চ, ২০২৩ |
| সভার সময় | ঃ | দুপুর ১২:০০ ঘটিকা। |
| স্থান | ঃ | বাউবি'র ট্রেজারার মহোদয়ের অফিস কক্ষ। |
| উপস্থিতি | ঃ | পরিশিষ্ট - 'ক'। |

সভাপতি মহোদয় সভার প্রারম্ভে সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। প্রতিটি আলোচ্যসূচী ধারাবাহিকভাবে বিস্তারিত আলোচনা হয়। সভার আলোচনা ও সিদ্ধান্ত সমূহ নিম্নোক্ত ছকে উপস্থাপন করা হলো ঃ

| ক্রমিক নং | আলোচ্যসূচি ও বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১ | ০৪/০১/২০২৩ তারিখে অনুষ্ঠিত ইনোভেশন টিমের ১৮ তম সভার কার্যবিবরণী অনুসমর্থন। | ০৪/০১/২০২৩ তারিখে অনুষ্ঠিত ইনোভেশন টিমের ১৮ তম সভার কার্যবিবরণী অনুসমর্থনের বিষয়ে সকল সদস্য একমত পোষণ করেন। | ০৪/০১/২০২৩ তারিখে অনুষ্ঠিত ইনোভেশন টিমের ১৮ তম সভার কার্যবিবরণী অনুসমর্থীত হয়েছে। | |
| ০২ | "৪র্থ শিল্পবিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয়" বিষয়ক ২য় কর্মশালায় অংশগ্রহণকারীদের মনোয়ন প্রসঙ্গে আলোচনা। | "৪র্থ শিল্পবিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয়" বিষয়ক ২য় কর্মশালা নিয়ে আলোচনা হয়। পুরো এপ্রিলে রোযা এবং ঈদ-উল ফিতরের ছুটি থাকবে বিধায় মে' ২০২৩ এর ২১-২৫ তারিখের মধ্যে কর্মশালা করার বিষয়ে আলোচনায় হয়। যেহেতু ইতোপূর্বে ৩০/০৪/২০২৩ তারিখের মধ্যে এই কর্মশালাটি করার বিষয়ে IQAC বরাবর পত্র প্রেরন করা হয় সেহেতু মে' ২০২৩ এর ২১-২৫ তারিখের মধ্যে কর্মশালা করার বিষয়ে IQAC বরাবর পুনরায় আরো একটি পত্র প্রেরণ করা যায়। রিসোর্স পারসন হিসেবে আবু সালেহ মোঃ মাহফুজুল আলম, | ১. "৪র্থ শিল্পবিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয়" বিষয়ক ২য় কর্মশালা আগামী মে' ২০২৩ এর ২১-২৫ তারিখের মধ্যে করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. রিসোর্স পারসন হিসেবে আবু সালেহ মোঃ মাহফুজুল আলম, কনসালটেন্ট (উপ সচিব), এপায়ার টু ইনোভেট (এটুআই), প্রোগ্রাম তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগকে রাখার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৩. কর্মশালায় অংশগ্রহনকারী | IQAC এবং ইনোভেশন টিম। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | কনসালটেন্ট (উপ সচিব), এসপায়ার টু ইনোভেট (এটুআই), প্রোগ্রাম তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগকে রাখা যেতে পারে মর্মে আলোচনা হয়। কর্মশালায় অংশগ্রহনকারীদের বিষয়ে সভায় উপস্থিত সকল সদস্য আলোচনা করে একমত হন যে, অংশগ্রহনকারী হিসেবে এপিএ ফোকাল পয়েন্ট থাকবে সেইসাথে সদর দপ্তরের সকল স্কুল ও বিভাগ থেকে সংশ্লিষ্ট বিষয়ে এবং কম্পিউটার জ্ঞান সম্পন্ন ০১ জন করে শিক্ষক ও কর্মকর্তার নাম চাওয়া যেতে পারে। | হিসবে এপিএ ফোকাল পয়েন্ট থাকার এবং আরো অংশগ্রহনকারীর জন্য সদর দপ্তরের স্কুল ও বিভাগ থেকে সংশ্লিষ্ট বিষয়ে ও কম্পিউটার জ্ঞান সম্পন্ন ০১ জন করে শিক্ষক ও কর্মকর্তার জন্য মনোনয়ন চাওয়ার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ০৩ | উপ-কমিটি কর্তৃক তৈরিকৃত ট্রেনিং সিডিউল নিয়ে আলোচনা। | Blended Learning এর উপর কতগুলো প্রশিক্ষণ হতে পারে সে সম্পর্কে ছক আকারে Training Schedule তৈরী করার জন্য গঠিত উপকমিটি কর্তৃক দাখিলকৃত ট্রেনিং সিডিউল অনুযায়ী ট্রেনিং আগামী মে'২৩ এর ২য় সপ্তাহের মধ্যে IQAC এবং ইনোভেশন টিমের যৌথ উদ্যোগে আয়োজন করা যেতে পারে মর্মে আলোচনা হয়। | IQAC এবং ইনোভেশন টিমের যৌথ উদ্যোগে আগামী মে'২৩ এর ২য় সপ্তাহের মধ্যে ট্রেনিং সিডিউল অনুযায়ী ট্রেনিং এর বিষয়ে আয়োজন করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট উপ কমিটি, IQAC এবং ইনোভেশন টিম। |
| ০৪ | ই-ফাইলে নোট নিষ্পত্তিকরণ সংক্রান্ত আলোচনা। | ইনোভেশন টিমের সদস্য সচিব সভায় উপস্থিত সকল সদস্যদের জানান যে, ইতোমধ্যে বিভিন্ন বিশ্ববিদ্যালয় যেমন চুয়েট ও খুলনা বিশ্ববিদ্যালয় ডি-নথির ব্যবহার শুরু করেছে যা তিনি WhatsApp এ Innovation UGC & All Group এর মাধ্যমে জানতে পেরেছেন। ই-নথিকে এখন ডি-নথি বলা হচ্ছে। বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ে ই-নথি/ডি-নথি বাস্তবায়নের পূর্বে UGC থেকে ট্রেনিং দিয়ে মাস্টার ট্রেইনার তৈরী করার জন্য প্রত্যেক স্কুল ও বিভাগ থেকে মনোনয়ন চাওয়া হয়। সেই অনুযায়ী প্রত্যেক স্কুল ও বিভাগ তাদের মনোনয়ন দিয়ে দিয়েছেন – এই বিষয়গুলি সদস্য সচিব সভাকে অবহিত করেন। এ বিষয়ে সভায় আলোচনা হয়। আলোচনায় সভার সম্মানিত সদস্য রেজিস্ট্রার | ই-নথি/ডি-নথি বাস্তবায়নের জন্য মাস্টার ট্রেইনার তৈরীর বিষয়ে অগ্রগতির তথ্য ইনোভেশন টিমের সভাপতিকে জানানোর জন্য প্রশাসন বিভাগের ট্রেনিং শাখাকে পত্র দেয়ার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসন বিভাগের ট্রেনিং শাখা। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | মহোদয় মতামত দেন যে,ইনোভেশন টিম প্রশাসন বিভাগের ট্রেনিং শাখায় পত্র দিয়ে এর অগ্রগতি জানতে পারে। সভার সকলে এই মতামতের সাথে একমত পোষণ করেন। | | |
| ০৫ | বিবিধ। | ইনোভেশন টিমের সম্মানিত সদস্য জনাব নাজনীন আখতার সভাকে জানান ই-গভার্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর কার্যক্রমে তথ্য বাতায়ন হালনাগাদকরন- এ বাউবি তার পয়েন্ট নাও পেতে পারে যদি কম্পিউটার বিভাগ ইউজিসির চাহিদা মোতাবেক বাউবির ওয়েব পোর্টালটিতে সকল তথ্য আপলোড না করে। এ বিষয়ে সভার সকল সম্মানিত সদস্য অভিমত প্রকাশ করেন যে, পরিচালক, কম্পিউটার বিভাগ বরাবর পত্র দিয়ে এর অগ্রগতি সম্পর্কে জানা যেতে পারে। পত্রের সাথে নৈতিকতা কমিটির ৭ম সভার সিদ্ধান্ত ০৩ এর অংশ সংযুক্ত করা যেতে পারে। | ইউজিসির চাহিদা মোতাবেক বাউবির ওয়েব পোর্টালটিতে সকল তথ্য আপলোড করার অগ্রগতি জানতে চেয়ে পরিচালক, কম্পিউটার বিভাগ বরাবর পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | কম্পিউটার বিভাগ। |

সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

( প্রফেসর মোস্তফা আজাদ কামাল)
মাননীয় ট্রেজারার ও ডিন, এস ও বি
ও
সভাপতি, ইনোভেশন টিম, বাউবি।

স্মারক নং-বাউবি/অর্থ ও হিসাব/স্যাঃ-২১৭৩/ইনোভেশন (এপিএ)/২০২২/ ৮৭২৪

তারিখ: ১৬ চৈত্র ১৪২৯ বঙ্গাব্দ
৩০ মার্চ ২০২৩ খ্রিষ্টাব্দ

**বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) ঃ**

১. ড. মহাঃ শফিকুল আলম, রেজিস্ট্রার, বাউবি।
২. প্রফেসর ডা. সরকার মোঃ নোমান, অধ্যাপক ও ডিন, এসএসটি, বাউবি।
৩. প্রফেসর ড. মোঃ শাহ আলম সরকার, অধ্যাপক, সার্ড, বাউবি।
৪. জনাব মোঃ মাসুম বিল্লাহ, পরিচালক (দায়িত্বপ্রাপ্ত), কম্পিউটার বিভাগ, বাউবি।
৫. সঙ্গীতা মোরশেদ, পরিচালক (ভারপ্রাপ্ত), লাইব্রেরি এন্ড ডকুমেন্টেশন বিভাগ, বাউবি।
৬. ড. আ.ফ.ম. মেজবাহ উদ্দিন, পরিচালক (ভারপ্রাপ্ত), তথ্য ও গণসংযোগ বিভাগ, বাউবি।
৭. নাজনীন আখতার, যুগ্ম পরিচালক (কাউন্সিল), প্রশাসন বিভাগ, বাউবি।
৮. আরিফুল ইসলাম, সহকারী অধ্যাপক, স্কুল অব বিজনেস, বাউবি।

**অনুলিপি (সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো) ঃ**

১. পরিচালক (দায়িত্বপ্রাপ্ত),কম্পিউটার বিভাগ, বাউবি (ইনোভেশন কর্ণারে আপলোডের অনুরোধ সহ)।
২. একান্ত সচিব, উপাচার্যের দপ্তর, বাউবি। উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য।
৩. একান্ত সচিব, ট্রেজারার দপ্তর, বাউবি। ট্রেজারার মহোদয়ের সদয় অবগতির জন্য।
৪. সহকারী পরিচালক, রেজিস্ট্রার দপ্তর, বাউবি। রেজিস্ট্রার মহোদয়ের সদয় অবগতির জন্য।
৫. সংশ্লিষ্ট নথি।

30/03/23

(নার্গিস আখতার)
যুগ্ম পরিচালক (মনিটরিং), অর্থ ও হিসাব বিভাগ
ও
সদস্য-সচিব, ইনোভেশন টিম
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়।

